মেহেরপুরে পায়রার ব্যবস্থাপনায় টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন

‘পায়রা’ নামের একটি বেসরকারি উন্নয়ন মূলক সংগঠনের ব্যবস্থাপনায় মেহেরপুরে প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে টিউবওয়েল স্থাপন করা হচ্ছে। এ কর্মসূচীতে অর্থায়ন করছে শারদা নামের একটি বিদেশী এনজিও সংস্থা।

রবিবার সকালে পায়রার সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সংস্কৃতি উপ-কমিটির সদস্য আসলাম হোসেন শিহির এবং নির্বাহী পরিচালক ও আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার উপ-কমিটির সদস্য এম এ এস ইমন ভার্চুয়ালি টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন করেন।

এসময় পায়রার অর্থ সম্পাদক মোস্তাফিজুর রহমান চন্দন, সদস্য মুজাহিদ আল মুন্না সেখানে উপস্থিত ছিলেন।

এধাপে ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় ৭টি টিউবওয়েল বসানো হবে। এর আগে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুরে প্রতিষ্ঠান ৩টি টিউবওয়েল স্থাপন করা হয়।

পায়রার নির্বাহী পরিচালক এমএএস ইমন জানান, মেহেরপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করবে পায়রা। সংস্থাটি আগামী ১ বছরে জেলার তিন উপজেলার ২০টি ইউনিয়ন ও ২টি পৌর এলাকায় ব্যাক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে ২ হাজার টিওবয়েল স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে যাচ্ছে। এছাড়াও মসজিদ ও মসজিদের অজুখানাসহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজের পরিকল্পনা করা হয়েছে।